

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৩৬.১৪.১১৩.২৬.৬৮৪

তারিখঃ ২২/০৯/২০২৬

সভার নোটিশ

উর্দ্ধতন কর্তৃপক্ষের সদয় নির্দেশনা এবং গত ১৬ জুলাই-২০২৬ তারিখে অনুষ্ঠিত পল্লী প্রগতি কর্মসূচি'র নীতি-নির্ধারণী কমিটির সভার সিদ্ধান্তের আলোকে পল্লী প্রগতি প্রকল্প ১ম পর্যায়ের ডিপিপি'র আদলে চলমান কম্পোনেন্টের পাশাপাশি নতুন নতুন কম্পোনেন্ট যুক্ত করে গ্রামীণ জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অগ্রগতি সাধন, কর্মসংস্থান সৃজন, আত্মকর্মসংস্থান সৃষ্টি এবং জীবনমান উন্নয়নের লক্ষ্যে পল্লী প্রগতি প্রকল্প ২য় পর্যায় (পিপিপি-২) শীর্ষক প্রকল্পের ডিপিপি প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এ লক্ষ্যে চলমান কম্পোনেন্ট এর সাথে নতুন ডিপিপিতে আরো কী কী কম্পোনেন্ট যুক্ত করা যায়, বাস্তবায়ন কৌশল গ্রহণ, কর্ম এলাকা নির্ধারণ প্রভৃতি বিষয়ে সদর দপ্তরের কর্মকর্তাদের সাথে (সরাসরি) এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সাথে (জুম এর মাধ্যমে) একটি মত বিনিময় সভা আগামী ২৪/৯/২৬ তারিখ সকাল ১১.০০ টায় পরিচালক (পরিকল্পনা) মহোদয়ের সভাপতিত্বে বিআরডিবি'র সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় মহাপরিচালক মহোদয় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

Zoom ID: 926 168 0598

P.W: DGBRDB1234


২২.৯.২০২৬

তপন কুমার মন্ডল

কর্মসূচি পরিচালক

ফোন-০২-৫৫০১১৭৪৬।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

- ১। পরিচালক (সরেজমিন/প্রশাসন/পরিকল্পনা/অর্থ/প্রশিক্ষণ), বিআরডিবি, ঢাকা।
- ২। যুগ্মপরিচালক, বিআরডিবি, ... (সকল)।
- ৩। উপপরিচালক, বিআরডিবি, ... জেলা (সকল)।
- ৪। প্রোগ্রামার, পল্লী প্রগতি কর্মসূচি, বিআরডিবি, ঢাকা (পত্রটি কর্মসূচি'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (পত্রটি বিআরডিবি'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। উপপরিচালক (জনসংযোগ), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র সম্মেলন কক্ষটি প্রস্তুত রাখার অনুরোধসহ)।
- ৭। মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। অফিস কপি।